রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৬, ২০২১

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

**বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল মেধাবৃত্তি নীতিমালা-২০২০**

**নং বিএনএমসি/প্রশা-৪৩(অংশ-২)/২০২১-৭৬১**—[বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ১৮.০৬.২০২০ খ্রি: তারিখের সভায় গঠিত কমিটি কর্তৃক প্রণীত মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা নির্বাহী কমিটির ১৩.০৯.২০২০ খ্রি: তারিখের সভায় অনুমোদন এবং গত ২৮.১২.২০২০ খ্রি: অনুষ্ঠিত কাউন্সিল সভায় (৫৪তম সাধারণ সভা) অনুমোদনক্রমে প্রকাশ করা হলো]

**ভূমিকা:** বাংলাদেশে নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও পেশায় আগ্রহ বৃদ্ধি এবং মেধার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সম্মাননা স্বরূপ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক এককালীন বৃত্তি ও সনদ প্রদানের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

১. **শিরোনাম:** এটি "বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল মেধাবৃত্তি নীতিমালা-২০২০" নামে অভিহিত হবে।

২. **লক্ষ্য ও উদ্দেশ্য:** মেধার মূল্যায়ন, উৎসাহ বৃদ্ধি, সেবার মর্যাদা বৃদ্ধি, সুনাম ও সুখ্যাতি বৃদ্ধি এবং মেধাবী শিক্ষার্থীদের নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষায় অধিকতর আগ্রহী করা।

৩. **বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।

৪. **মেধাবৃত্তি বাস্তবায়ন ও কমিটিঃ**

(ক) **বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল মেধাবৃত্তি বাস্তবায়ন ও প্রার্থী নির্বাচন কমিটিঃ**

| | |
|---|---|
| (১) ভাইস-প্রেসিডেন্ট, বিএনএমসি এবং অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | -সভাপতি; |
| (২) উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | -সদস্য; |
| (৩) পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | -সদস্য; |
| (৪) উপপরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | -সদস্য; |
| (৫) অধ্যক্ষ, নার্সিং ইনস্টিটিউট, মিটফোর্ড, ঢাকা | -সদস্য; |
| (৬) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল | -সদস্য সচিব। |

(খ) এ কমিটি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি কর্তৃক অনুমোদিত ও প্রকাশিত ফলাফলের ভিত্তিতে প্রণীত মেধাতালিকা হতে প্রার্থী নির্বাচন ও যাচাই-বাছাইপূর্বক মেধাবৃত্তি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

৫. **বাস্তবায়নকালঃ** কাউন্সিলের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি থেকে বাস্তবায়িত হবে।

৬. **বৃত্তির জন্য প্রযোজ্যতাঃ** (ক) ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং (খ) ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি কোর্সে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় জাতীয় মেধা তালিকাভুক্তদের জন্য প্রযোজ্য হবে।

৭. **বাস্তবায়ন প্রক্রিয়াঃ** বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে অনুষ্ঠিত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষায় বার্ষিক সমাপনী (চূড়ান্ত) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (মেধাতালিকা) বিএনএমসি কর্তৃক শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। কাউন্সিল কর্তৃক আয়োজিত সুবিধাজনক কোন অনুষ্ঠানে দেশের সম্মানীয় ব্যক্তিবর্গ/উর্ধ্বতন কর্মকর্তাগণের উপস্থিতিতে বৃত্তি প্রদান করা যেতে পারে।

৮. **কার্যপরিধিঃ** নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের ডিপ্লোমা পর্যায়ের বার্ষিক সমাপনী (চূড়ান্ত) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয় মেধাক্রমানুযায়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে। বৃত্তি বাস্তবায়নকারী কমিটির সুপারিশ নির্বাহী কমিটির অনুমোদনক্রমে বৃত্তি প্রদান করা হবে।

(ক) প্রাপ্ত নম্বর একই সমান হলে ৩ টি Substantive Subject এ অধিক নম্বর প্রাপ্ত শিক্ষার্থী বৃত্তি প্রাপ্য হবেন। তবে, কোনক্রমেই প্রতিবর্ষে ৩ (তিন) জনের বেশি শিক্ষার্থীকে নির্বাচন করা যাবে না।

**গুরুত্বপূর্ণ বিষয়ের ক্রমধারাঃ**

**ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারিঃ**

**১ম বর্ষঃ** (i) Fundamentals of Nursing (ii) Anatomy and Physiology (iii) Behavioral Science

**২য় বর্ষঃ** (i) Community Health Nursing (ii) Medical and Surgical Nursing (iii) Pharmacology

**৩য় বর্ষঃ** (i) Midwifery (ii) Leadership and Management (iii) Research Methodology

**ডিপ্লোমা ইন মিডওয়াইফারিঃ**

**১ম বর্ষঃ** (i) Fundamentals of Midwifery (ii) Professional Frameworks & Communication in Midwifery (iii) Behavioral Science

**২য় বর্ষঃ** (i) The Art and Science of Midwifery (ii) Women’s Health (iii) Complicated Maternity Experiences

(খ) **৩য় বর্ষঃ** (i) Complexities of Maternity Experiences (ii) Newborn Complications (iii) Transition to Registered Midwife Practice

**৯. বৃত্তির ধরন ও এককালীন আর্থিক পরিমাণ:**

৯.১ ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের এক বছরের জন্য এককালীন বরাদ্দকৃত বিএনএমসি শিক্ষাবৃত্তি

| | |
|---|---|
| (ক) প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা মাত্র। |
| (খ) দ্বিতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র। |
| (গ) তৃতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র। |

৯.২ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের এক বছরের জন্য এককালীন বরাদ্দকৃত বিএনএমসি শিক্ষাবৃত্তি

| | |
|---|---|
| (ক) প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা মাত্র। |
| (খ) দ্বিতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র। |
| (গ) তৃতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় মেধাতালিকায়: | (ক) প্রথম স্থান অধিকারী: ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা মাত্র।<br>(খ) দ্বিতীয় স্থান অধিকারী: ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র।<br>(গ) তৃতীয় স্থান অধিকারী: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র। |

৯.৩ **স্বর্ণপদক:** উভয় কোর্সের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষ নিয়মিত চূড়ান্ত পরীক্ষার তিনটি ফলাফলের যোগফলের গড় ভিত্তিতে প্রথম স্থান অধিকারীকে স্বর্ণপদক (মেডেল) প্রদান করা হবে। স্বর্ণপদক সাধারণত: ২২ ক্যারেট মানের ও ন্যূনতম ৫ (পাঁচ) গ্রাম ওজনের হবে। এ বিষয়ে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্বাহী কমিটির নির্দেশনা অনুসরণ করতে হবে।

৯.৪ **সম্মাননা সনদ:** স্বর্ণপদকের জন্য নির্বাচিত শিক্ষার্থীকে “সম্মাননা সনদ” প্রদান করা হবে; যাতে কাউন্সিলের প্রেসিডেন্ট ও রেজিস্ট্রারের যৌথ স্বাক্ষর থাকবে।

১০. **বৃত্তি প্রদান অনুষ্ঠান:** কাউন্সিল কর্তৃক পৃথক আয়োজনে অথবা নার্সিং বা মিডওয়াইফারি বা কোন বিশেষ দিবসের অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে বৃত্তি প্রদান করা যেতে পারে।

১১. **অযোগ্যতা:**

(ক) অনিয়মিত পরীক্ষার্থী;

(খ) ধুমপান বা নেশা বা মাদকে আসক্ত;

(গ) কোন শিক্ষার্থীর বিরুদ্ধে অধ্যয়নরত অবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় কোন অভিযোগ থাকলে বা পূর্বোক্ত অভিযোগে সাজাপ্রাপ্ত হলে;

(ঘ) কোন ফৌজদারি আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে;

১২. বৃত্তি বাস্তবায়ন ও নির্বাচন কমিটি কর্তৃক মেধাতালিকার খসড়া চূড়ান্তপূর্বক নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হবে। অত:পর কাউন্সিল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত ও নিশ্চিত করবে।

১৩. মেধাবৃত্তি প্রদান প্রক্রিয়ার শুরুতেই নার্সিং/মিডওয়াইফারি শিক্ষা ও পেশার নিয়মাবলি অনুসরণের অঙ্গীকার, কাউন্সিলের শর্তাবলি সম্বলিত শপথনামা এবং গ্রহণপত্রে প্রার্থী তারিখসহ স্বাক্ষর করবে যাতে অধ্যক্ষের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১৪. মেধাবৃত্তির প্রয়োজনীয় অর্থ (টাকা) প্রাথমিকভাবে কাউন্সিলের জেনারেল ফান্ড হতে ব্যয় নির্বাহ করা হবে। পর্যায়ক্রমে "বৃত্তি তহবিল" নামে পৃথক হিসাব খুলে তাতে বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান, দাতা সংস্থা, ব্যাংকের মাধ্যমে সিএসআর এর অর্থ সংগ্রহের ব্যবস্থা করা যেতে পারে। কাউন্সিলের বার্ষিক বাজেটে উক্ত খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হবে।

১৫. এই নীতিমালায় যা বর্ণিত হয়নি এরূপ বিষয় কাউন্সিলের নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে সম্পাদন করা হবে।

**সুরাইয়া বেগম**
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd